

নর্থ সমারসেট কাউন্সিলের সেবা বা সার্ভিসগুলোর ব্যাপারে তথ্য



আমরা কি করি

নর্থ সমারসেট কাউন্সিল স্থানীয় জনগনকে ব্যাপক ধরনের সেবাদান করে। আমরা যে সব সেবাদান করি এখানে তার কিছু তুলে ধরা হলো:

- প্রি-স্কুল (স্কুল শুরুর আগে), স্কুল ও এডাল্ট এডুকেশন (বয়স্ক শিক্ষা)
- বয়স্কদের জন্য রেসিডেনশিয়াল কেয়ার (আবাসিক যত্ন), কমিউনিটি মীলস (খাবার সরবরাহ), ঝুঁকিপূর্ণ শিশুদের সুরক্ষা, এডপশন ও ফস্টারিং (দত্তক ও প্রতিপালন), গৃহহীনদের জন্য সহায়তা।
- পার্ক ও সড়ক রক্ষণাবেক্ষণ, আবর্জনা সংগ্রহ ও রিসাইক্লিং (পুনর্ব্যবহারোপযোগী করা)।
- ব্যবসা, পর্যটন, প্লেহাউস থিয়েটারকে সহায়তা এবং চাকুরী ও বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা।
- কাউন্সিল ট্যাক্স সংগ্রহ ও বেনিফিট
- সিটিজেনশিপ (নাগরিকত্ব) অনুষ্ঠান, জন্ম, মৃত্যু ও বিবাহ সহ রেজিস্ট্রেশন (নিবন্ধন) সার্ভিস।
- জরুরী হাউজিং (গৃহায়ন), সোশ্যাল হাউজিং এর আবেদন এবং প্রাইভেট রেন্টেড (ভাড়া করা) হাউজিং এর ব্যাপারে সহায়তা।

অনুবাদ সেবা

ইংরেজী ছাড়া ভিন্ন কোন ভাষায় আপনি কাউন্সিল সার্ভিসের ব্যাপারে তথ্য এবং উপদেশ চাইলে তা পাওয়া যাবে।

আমরা আপনার জন্য একজন ইন্টারপ্রিটারের (দোভাষীর) আয়োজন করতে পারি অথবা আপনি যে ভাষায় চান সে ভাষায় আমাদের সার্ভিসের ব্যাপারে তথ্যাদির অনুবাদের ব্যবস্থা করতে পারি।

আপনি যখন কাউন্সিলের সাথে যোগাযোগ করবেন (নীচে যোগাযোগের নাম্বার দেখুন) তখন দয়া করে আমাদের এ সেবার ব্যাপারে আমাদেরকে অনুরোধ করুন। আপনি চাইলে আপনার কোন বন্ধু বা আত্মীয়ের মাধ্যমেও যোগাযোগ করলে আমরা এর আয়োজন করবো।

প্রয়োজনীয় কাউন্সিলের টেলিফোন নাম্বারসমূহ:

কেয়ার কানেক্ট	01275 888 801
আমাদের সোশ্যাল সার্ভিসের ইনফরমেশন হেল্পলাইন বয়স্ক ও অক্ষম লোকজনকে বিশেষ সহায়তা দেয়।	
স্ট্রীট এন্ড আপেন স্পেসেস (সড়ক ও খোলা জায়গা)	01275 888 802
আবর্জনা সংগ্রহ, রিসাইকল, সড়ক রক্ষণাবেক্ষণ, ফুটপাথ ও পার্ক এবং পরিবেশ রক্ষা সহ আমাদের এনভায়রনমেন্টাল সার্ভিসেস হেল্পলাইন	
কাস্টমার সার্ভিস (গ্রাহক সেবা)	01934 426 826
কোন কাউন্সিল সার্ভিসের ব্যাপারে অভিমত বা অভিযোগ জানাতে হলে	
হাউজিং এন্ড কাউন্সিল ট্যাক্স বেনিফিট এন্ড এপীলস হেল্পলাইন	01934 888 136
ইকুয়ালিটিজ অফিসার	01934 634 832
বৈচিত্র ও সমতামূলক সমস্যার ব্যাপারে সাহায্য ও সহায়তা দান করেন।	
সাধারণ অনুসন্ধান	01934 888 888
অফিস সময়ের বাইরে জরুরী আনসারিং সার্ভিস	01934 622 669

অন্যান্য প্রয়োজনীয় টেলিফোন নাম্বারসমূহ

পুলিশ, আগুন ও এম্বুলেন্স (শুধু জরুরী অবস্থায়)

999

এন.এইচ.এস ডাইরেক্ট (২৪ ঘণ্টা স্বাস্থ্য বিষয়ক উপদেশ)

0845 4647

এভন এন্ড সমারসেট পুলিশ

0845 456 7000

ক্রাইম স্টপার্স

0800 555 111

কোন অপরাধের ব্যাপারে বেনামীতে তথ্যাদি জানাবার জন্য।

বর্ণবিদ্বেষমূলক ঘটনা

জনগন যাতে নর্থ সমারসেটে বর্ণবিদ্বেষমুক্ত পরিবেশে বসবাস ও কাজকর্ম করতে পারেন তা নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর।

আপনি কোন বর্ণবিদ্বেষমূলক অপরাধের ভুক্তভোগী হলে পুলিশকে 0845 456 7000 এ নাম্বারে যোগাযোগ করবেন। আপনার যদি তাৎক্ষণিক সাড়া বা সহায়তার প্রয়োজন হয় তবে 999 এ নাম্বারে টেলিফোন করবেন।

আপনি পুলিশকে যোগাযোগ করতে না চাইলে, আপনি আমাদের সাথেও 01934 634 832 এ নাম্বারে যোগাযোগ করতে পারবেন। আমরা আপনার বিবরণ গ্রহণ করবো এবং আপনার কি করা উচিত সে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করবো।

সহায়ক ওয়েবসাইট

এসাইলামপ্রার্থী লোকজনদের জন্য উপদেশ

www.asylumsupport.info

কমিশন ফর রেসিয়্যাল ইকুয়ালিটি

www.cre.gov.uk

ইকুয়াল অপর্চুনিটিজ কমিশন

www.eoc.org.uk

হোম অফিস

www.homeoffice.gov.uk

ট্র্যাভেলর, তাদের বন্ধুবান্ধব ও পরিবারদের জন্য তথ্যাদি

www.gypsy-traveller.org

ইন্টার ফেইথ নেটওয়ার্ক

www.interfaith.co.uk

ইউকের বিভিন্ন ধর্মীয় সমাজগুলোর মধ্যে সুসম্পর্ক প্রতিষ্ঠা করার জন্য কাজ করে)